

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৮. কোন পশুর চেহারায় পুড়িয়ে দাগ দেয়া

কোন পশুর চেহারায় পুড়িয়ে দাগ দেয়াও কবীরা গুনাহ্'র অন্যতম। তাই তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ জাতীয় মানুষকে লা'নত ও অভিসম্পাত এবং এ জাতীয় কাজ নিষিদ্ধ ঘোষণা করেন।

জাবির (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ عَنِ الضَّرْبِ فِيْ الْوَجْهِ وَعَنِ الْوَسْمِ فِيْ الْوَجْهِ.

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চেহারায় প্রহার করা এবং চেহারায় পুড়িয়ে দাগ দেয়া থেকে নিষেধ করেন"। (মুসলিম ২১১৬ ইব্দু খুযাইমাহ্, হাদীস ২৫৫১)

জাবির (রাঃ) থেকে আরো বর্ণিত তিনি বলেন:

مَرَّ عَلَى النَّبِيِّ حِمَارٌ قَدْ وُسِمَ فِيْ وَجْهِهِ، فَقَالَ: لَعَنَ اللهُ الَّذِيْ وَسَمَهُ، وَفِيْ رِوَايَةِ أَبِيْ دَاوُدَ: أَمَا بَلَغَكُمْ أَبِّيْ قَدْ لَعَنْتُ مَنْ وَسَمَ الْبَهِيْمَةَ فِيْ وَجْهِهَا أَوْ ضَرَبَهَا فِيْ وَجْهِهَا.

"একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি গাধার পাশ দিয়ে যাচ্ছিলেন যার চেহারায় পুড়িয়ে দাগ দেয়া হয়েছিলো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: আল্লাহ্ তা'আলা লা'নত করুক সে ব্যক্তিকে যে গাধাটির চেহারায় পুড়িয়ে দাগ দিলো। আবূ দাউদের বর্ণনায় রয়েছে, তোমাদের নিকট কি এ কথা পৌঁছায়নি যে, আমি সে ব্যক্তিকে লা'নত করেছি যে কোন পশুর চেহারায় পুড়িয়ে দাগ দেয় অথবা চেহারায় মারে"। (মুসলিম ২১১৭; আবু দাউদ ২৫৬৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6712

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন